

এমপিও দাবিতে অনশন দ্বিতীয় দিনে ২০ শিক্ষক অসুস্থ

যুগান্তর রিপোর্ট

এমপিওভুক্তিসহ তিন দফা দাবিতে প্রেস ক্লাবের সামনে শিক্ষকদের অনশন অব্যাহত আছে। শনিবার রাত সোয়া বটার দিকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, না খেয়ে 'দাবির' কারণে দু'দিনে ২০ জন অসুস্থ হয়ে পড়েছেন। এদের মধ্যে গৌদার্মা মোস্তফা নামের একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। রাজশাহী থেকে আসা শিক্ষক সানাউল্লাহ এবং বরিশালের রুনা খানমকে স্যালাইন দিয়ে অনশনহলেই রাখা হয়েছে। অনশন কর্মসূচি আহ্বানকারী নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের সভাপতি এশারত আলী এ তথ্য নিশ্চিত করেছেন।

এসব শিক্ষক মূলত ২৬ অক্টোবর থেকে আন্দোলনে আছেন। প্রথম চার দিন অসুস্থ : পৃষ্ঠা ১৫ : কলাম ১

অসুস্থ : শিক্ষক (৩য় পৃষ্ঠার পর)

তারা শহীদ মিনার ও জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছিলেন। এরপর শুক্রবার থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে আমরণ অনশন শুরু করেন।

আন্দোলনকারীদের তিন দফা দাবির মধ্যে রয়েছে— মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের নিম্ন মাধ্যমিক-মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, কারিগরি ও মাদ্রাসার স্বীকৃতিপ্রাপ্ত সব নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি করা, যোগদানের তারিখ থেকে বয়স গণনা করা এবং নতুন শিক্ষাপ্রতিষ্ঠানের স্বীকৃতি বা পাঠদান বন্ধ রাখা।

ফেডারেশনের সভাপতি অধ্যক্ষ এশারত আলী বলেন, না খেয়ে রাতায়-ফুটপাতেই রাতে ঘুমিয়েছেন শিক্ষক-কর্মচারীরা। যতদিন পর্যন্ত দাবি পূরণের ব্যাপারে প্রধানমন্ত্রীর পক্ষে কোনো ঘোষণা বা আশ্বাস না মিলবে, ততদিন পর্যন্ত এ কর্মসূচি চলেবে। তিনি আরও জানান, সরকারি স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, কারিগরি ও মাদ্রাসার প্রায় ৮ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে প্রায় এক লাখ ২০ হাজার শিক্ষক-কর্মচারী আছেন যারা এমপিও পাচ্ছেন না। এরা ১০ থেকে ১৫ বছর ধরে বিনা বেতনে চাফকরি করছেন।